**(টেশিসের আউচপাড়াস্থ আবাসিক কোয়ার্টারে সুয়ারেজ লাইন নবায়ন/মেরামত করণ)**

এর জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিল

কোটেশন নম্বর :১৪.৩৬.০০০০.০১৭.২৬.০৩.২২. তারিখ: ১২-১২-২০২৩ খ্রিঃ।

প্রতি

[-----------------------------]

১। টেলিফোন শিল্প সংস্থা লিঃ কর্তৃপক্ষ বর্ণিত কাজের জন্য তহবিল বরাদ্দ করিয়াছে এবং তিনি জারীকৃত কোটেশন দলিল অনুসারে সম্পাদিত চুক্তির অধীন প্রাপ্য অর্থ পরিশোধের জন্য উক্ত তহবিলের একটি অংশ ব্যয় করিতে ইচ্ছুক।

২। দরপত্রদাতাগণ সকল কার্যদিবসে অফিস চলাকালে ক্রয়কারীর অফিসে অভীষ্ট কার্য ও ভৌতসেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন ও নকশা (প্রযোজ্য ক্ষেত্রে) পরিদর্শন করিতে পারিবে।

৩। ইউনিট-রেটের ভিত্তিতে কোটেশন আহ্বান করা হইল।

৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা যথাযথভাবে তারিখসহ স্বাক্ষর করাইয়া নিম্নের ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করিতে হইবে।

৫। কোটেশন দাখিল এবং কার্য সম্পাদনে (যদি কার্যাদেশ দেওয়া হয়) কোনো জামানত যেমন, কোটেশন জামানত (অর্থাৎ প্রচলিত অর্থে অগ্রিম মূল্য, দরপত্র জামানত) এবং কার্য-সম্পাদন জামানতের প্রয়োজন হইবে না।

৬। সিলমোহরকৃত খাম মারফত [২১.১২.২০২৩ বিকাল ২:০০ ঘটিকা] বা ইহার পূর্বে কোটেশন ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করিতে হইবে। কোটেশন সংবলিত খামে "**[টেশিসের আউচপাড়াস্থ আবাসিক কোয়ার্টারে সুয়ারেজ লাইন নবায়ন/মেরামত করণ]** এর জন্য কোটেশন এবং [২১.১২.২০২৩ বিকাল ২:৩০ ঘটিকা] এর পূর্বে খোলা যাইবে না" লিখিয়া অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে হইবে। নির্ধারিত বা উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।

৭। টেশিস ক্রয় নীতিমালা ২০১৭ মোতাবেক ক্রয়কারী গ্রহণযোগ্য ও যৌক্তিক কারণে কোটেশন দাখিলের সময়সীমা অনধিক ১০ দিন বৃদ্ধি করিতে পারিবে।

৮। কার্য ও ভৌতসেবার পরিমাণগত হিসাব সংবলিত বিবরণ (বিওকিউ) অনুযায়ী কোটেশন দাখিল করিতে হইবে।

৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হইতে ন্যূনতম **[৩০ (ত্রিশ)]** দিনের জন্য সকল কোটেশন অবশ্যই বৈধ থাকিবে।

১০। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হইবে না।

১১। যদি চুক্তি সম্পাদন করা হয়, তাহা হইলে দরপত্রদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরনের কর, শুল্ক, ফি, লেভি এবং বিদ্যমান আইনের অধীন পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকিবে।

১২। উদ্ধৃত দর টাকায় উল্লেখ করিতে হইবে এবং এই চুক্তির অধীন পরবর্তী সময়ে মূল্য পরিশোধও টাকায় করিতে হইবে। দরপত্রদাতার প্রস্তাবিত মূল্য চুক্তিকালীন স্থির অঙ্কে থাকিবে।

১৩। দরপত্রদাতার চুক্তি করিবার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। দরপত্রদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ **ট্রেড লাইসেন্স, টিআইএন (TIN)** নম্বর, আর্থিক সক্ষমতা, ভ্যাট নিবন্ধন নম্বর অনুলিপি দাখিল করিতে হইবে। এইগুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে।

১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের উপর ভিত্তি করিয়া কোটেশন মূল্যায়ন করিবে এবং চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।

১৫। একক দর ভিত্তিতে কোটেশন দাখিলের ক্ষেত্রে, একক দর বা মূল্য এবং উদ্ধৃত মোট মূল্যের মধ্যে অসংগতি থাকিলে একক দর বা মূল্য প্রাধান্য পাইবে। কথায় ও সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে, কথায় লিখিত দর বা মূল্য প্রাধান্য পাইবে। থোক মূল্যের ভিত্তিতে কোটেশন মূল্য উদ্ধৃতির ক্ষেত্রে, যদি সংখ্যা ও কথার মধ্যে ব্যতিক্রম পাওয়া যায়, তাহা হইলে কথায় লিখিত মূল্য প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক গাণিতিক সংশোধনের ক্ষেত্রে, দরপত্রদাতা গাণিতিক সংশোধন গ্রহণে বাধ্য থাকিবে।

১৬। কার্য ও ভৌতসেবা সম্পাদন শুরুর তারিখ হইতে ১৫ (পনের) দিনের মধ্যে সম্পন্ন করিতে হইবে।

১৭। অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে চুক্তি স্বাক্ষর করিবার জন্য কৃতকার্য দরপত্রদাতাকে আমন্ত্রণপত্র জারি করা হইবে। আমন্ত্রণপত্র জারি হইবার ৩ (তিন) দিনের মধ্যে চুক্তি স্বাক্ষর করিতে হইবে।

১৮। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।

**কোটেশন অনুরোধকারী কমকর্তার স্বাক্ষর**

নাম : (মোঃ মাজহারুল ইসলাম)
পদবি : উপ-মহাব্যবস্থাপক (বিক্রয়, বিপণন ও সেবা)
তারিখ ১২.১২.২০২৩ খ্রিঃ
ঠিকানা: টেশিস মূল ভবন (২য় তলা), টেলিফোন শিল্প সংস্থা লিঃ(টেশিস) , টঙ্গী, গাজীপুর-১৭১০
**ফোন ০ঃ ০২-২২৪৪১১৬৩৮, ফ্যাক্সঃ ০২-২২৪৪১২৭০০**

**বিতরণ:**

১. নোটিশ বোর্ড।
২. দাপ্তরিক নথি।

**কোটেশন দাখিলপত্র**

[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]

কোটেশন নম্বর : ১৪.৩৬.০০০০.০১৭.২৬.০৩.২২.  তারিখ: ১২-১২-২০২৩ খ্রিঃ।

প্রতি
উপমহাব্যবস্থাপক
(বিক্রয়, বিপণন ও সেবা)
টেলিফোন শিল্প সংস্থা লিঃ
টঙ্গী, গাজীপুর।

আমি/আমরা, নিম্নস্বাক্ষরকারী, [**টেশিসের আউচপাড়াস্থ আবাসিক কোয়ার্টারে সুয়ারেজ লাইন নবায়ন/মেরামত করণ**] কার্য ও ভৌতসেবা চুক্তির শর্তাবলি অনুসারে সম্পাদন করিবার জন্য প্রস্তাব করিতেছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য -------.... টাকা [সংখ্যায় ও কথায় উল্লেখ করুন]।

আমার/আমাদের কোটেশন, কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিলে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকিবে এবং আমি/আমরা ইহা মানিতে বাধ্য থাকিব। আরএফকিউ এর বৈধতার মেয়াদ অতিক্রম হইবার পূর্বে যেকোনো সময় ইহা গ্রহণ করা যাইবে।

আমি/আমরা ঘোষণা করিতেছি যে, আমার/আমাদের আপনার সহিত চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা (Legal Capacity) রহিয়াছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হই নাই। এতদ্ব্যতীত, আমি/ আমরা অনুচ্ছেদ ২৮(ঙ) তে বর্ণিত চুক্তির শর্তের বিষয়ে অবগত রহিয়াছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগিতা বা কার্য সম্পাদন করিবার সময় এই ধরনের কার্যে জড়িত না হওয়ার অঙ্গীকার করিতেছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ননামে একটির বেশি কোটেশন দাখিল করি নাই। আমি/আমরা অবগত যে, যতক্ষণ না আনুষ্ঠানিক চুক্তি স্বাক্ষরিত হইবে, ততক্ষণ চুক্তি স্বাক্ষরের জন্য আপনার লিখিত পত্র আমাদের উপর বাধ্যকর হইবে।

আমি/আমরা [১২.১২.২০২৩ খ্রিঃ] তারিখে আপনার জারীকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন দলিলপত্র (আরএফকিউ) পরীক্ষা করিয়াছি এবং এই সম্পর্কে আমার/আমাদের কোনো আপত্তি নাই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের নিকট কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিল করিবার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ দরপত্রদাতার স্বাক্ষর
তারিখ :

একক দরের ভিত্তিতে

কার্যের পরিমাণগত হিসাব সংবলিত বিবরণ (BoQ)

| আইটেম নম্বর | কার্যের আইটেমভিত্তিক বিবরণ (কাঠামোগত বা নির্মাণগত বিনির্দেশ) | একক | পরিমাণ | দরপত্রদাতা কর্তৃক উদ্ধৃত একক দর বা মূল্য | | মোট মূল্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | সংখ্যায় | কথায় | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ = ৪X৫ |
| ১ | Supplying different inside dia best quality **uPVC soil, waste and ventilation pipe** having specific gravity 1.35 - 1.45, wall thickness 2.5 mm - 3.0 mm, and other physical, chemical, thermal, fire resistivity properties etc. as per BSTI approved manufacturer standards or ASTM, BS/ISO/IS standards fitting and fixing in existing pipe and position with sockets, bends, of uPVC Pipe with all accessories such as Round grating/domed roof grating bands, sockets etc. approved and accepted by the Engineer- in-charge. | | | | | |
| ১.১ | **100 mm inside dia** wall thickness 3.4- 4.0 mm **100 mm inside dia** wall thickness 3.4- 4.0 mm (All the 100 mm pipe should be Connected with existing building pipe). | রানিং মিটার | ১১৩.০০ | | | |
| ১.২ | **150 mm inside** dia wall thickness 4.5 mm - 5.2 mm (All the 150 mm pipe should be Connected with existing North side sewair line). | রানিং মিটার | ৮৩.০০ | | | |
| ২ | Construction of masonry **inspection pit with 250 mm thick brick work** in cement mortar (1:4) including necessary earth | পিচ | ১২.০০ | | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | work, side filling and one layer brick flat soling, 75 mm thick (1:3:6) base concrete for making invert channel and 12 mm thick (1:2) cement plaster with neat finishing etc. all complete up to a depth of 700 mm approved and accepted by the Engineer-in-charge.<br>Clear 525 mm x 525 mm and depth 675 mm to 825 mm, average 750 mm for single 225 mm dia R.C.C. pipes and 400 mm PVC pipe. | | | | | |
| ৩ | Construction and placing of R.C.C inspection pit cover (slab) with supplying and provisions for placing, fitting, fixing 450 mm dia C.I. man-hole cover with locking/un-locking arrangement including concrete (1:2:4) with approx. 1% re-enforcement, necessary earth cutting, or cleaning, side filling, curing etc. with minimum 12 mm cement plaster (1:4) and neat cement finishing on edges and top all complete and accepted by the Engineer-in- charge.<br>1025 mm x 1025 mm x 75 mm R.C.C. pit cover with 450 mm dia C.I. manhole cover. | পিচ | ১২.০০ | | | |
| 8 | **Sand filling** in foundation trenches and plinth with sand having minimum **F.M. 0.5** in 150 mm layers including leveling, watering and compaction to achieve | ঘন মিটার | ১৭.০০ | | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | minimum dry density of 95% with optimum moisture content (Modified proctor test) by ramming each layer up to finished level as per design supplied by the design office only, all complete and accepted by the Engineer-in-charge. | | | | | |
| | | | | | সর্বমোট মূল্য (সংখ্যায় ও কথায়) | |

[সংখ্যা লিখুন] টি সংশোধনী যাহা কার্যের পরিমাণগত হিসাব সংবলিত বিবরণের) বিওকিউ( এই পৃষ্ঠায় আমার/আমাদের দ্বারা যথাযথভাবে অনুস্বাক্ষরিত হইয়াছে। আমার/আমাদের প্রস্তাব [তারিখ লিখুন, দিন/মাস/বৎসর] পর্যন্ত বৈধ থাকিবে।

________________________

দরপত্রদাতার স্বাক্ষর ও সিল

তারিখ: দিন/মাস/বৎসর

নোট (এই পদ্ধতিটি যথাযথ বলিয়া বিবেচিত হইলেই ব্যবহার করুন):

১। স্বল্পমূল্য ও সাধারণ এবং কাজের সকল উপাদান প্রাক্কলন করা যাইতে পারে, তবে সঠিকভাবে নির্ধারিত নহে।
২। সম্পাদিত কার্যের মূল্য পরিশোধ পুনঃপরিমাপ পদ্ধতিতে করা হইবে।
৩। কলম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী পূরণ করিবে এবং কলম ৫, ৬ ও ৭ দরপত্রদাতা পূরণ করিবে।

[ক্রয়কারীর নাম ও ঠিকানা]

চুক্তি স্বাক্ষরের জন্য আমন্ত্রণপত্র(নমুনা)

কোটেশন নম্বর: ১৪.৩৬.০০০০.০১৭.২৬.০৩.২২. তারিখ: ১২-১২-২০২৩ খ্রিঃ।

স্মারক নম্বর :________________ তারিখ : দিন/মাস/বৎসর

প্রতি
**[ঠিকাদারের নাম ও ঠিকানা]**

আপনাকে এই মর্মে অবহিত করা হইতেছে যে, **[টেশিসের আউচপাড়াস্থ আবাসিক কোয়ার্টারে সুয়ারেজ লাইন নবায়ন/মেরামত করণ]** কার্য ও ভৌতসেবা সম্পাদনের জন্য আপনার [তারিখ লিখুন] তারিখের কোটেশনের পরিপ্রেক্ষিতে যথাযথ সংশোধিত চুক্তিমূল্যে [সংখ্যা ও কথায় মূল্য লিখুন] উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইয়াছে।

আপনাকে এই আমন্ত্রণপত্র ইস্যু হইবার ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে, তবে কোনোক্রমেই ---------- খ্রিঃ তারিখের পরে নহে, নিম্নস্বাক্ষরকারীর অফিসে চুক্তি স্বাক্ষরের জন্য উপস্থিত থাকিতে অনুরোধ করা হইতেছে।

কেবল চুক্তি স্বাক্ষরের পর আপনি কার্যের বাস্তবায়ন শুরু করিতে পারিবেন। আপনাকে আরও অবগত করা হইতেছে যে, এই আহ্বানপত্র চুক্তিসম্পাদনের শর্ত হিসাবে গণ্য হইবে যাহা আইনগতভাবে আপনার জন্য বাধ্যতামূলক।

এতৎসঙ্গে খসড়া চুক্তি ও অন্যান্য দলিল আপনার পর্যবেক্ষণের জন্য সংযুক্ত করা হইল।

| | |
|---|---|
| | ক্রয়কারীর নাম, পদবি ও স্বাক্ষর |
| সংযুক্তি : খসড়া চুক্তি | তারিখ : দিন/মাস/বৎসর |

# চুক্তিপত্র

এই চুক্তিপত্র ]টেলিফোন শিল্প সংস্থা লিঃ[গাজীপুর ,টঙ্গী , (অতঃপর ক্রয়কারী হিসাবে অভিহিত) ১ম পক্ষ এবং [ঠিকাদারের নাম ও ঠিকানা] (অতঃপর ঠিকাদার হিসাবে অভিহিত) ২য় পক্ষের মধ্যে [বৎসর] সালের [মাস] মাসের [তারিখ] তারিখে সম্পাদিত।

যেহেতু ক্রয়কারী সুনির্দিষ্ট কার্য ও ভৌতসেবার অর্থাৎ (**টেশিসের আউচপাড়াস্থ আবাসিক কোয়ার্টারে সুয়ারেজ লাইন নবায়ন/মেরামত করণ**) এর জন্য কোটেশন আহ্বান করিয়াছেন এবং ঠিকাদার কর্তৃক [অঙ্কে ও কথায় চুক্তিকৃত দর] (অতঃপর চুক্তি দর হিসাবে অভিহিত) উক্ত কার্য ও ভৌতসেবা সরবরাহ করিবার জন্য কোটেশন গৃহীত হইয়াছে;

**সেহেতু এক্ষণে নিম্নরূপ চুক্তি সম্পাদন করা হইল:**

১। এই চুক্তিপত্রে উল্লিখিত শব্দ ও অভিব্যক্তি চুক্তির সাধারণ শর্তাবলির ন্যায় একই অর্থ প্রকাশ করিবে।

২। চুক্তিতে অন্তর্ভুক্ত বিভিন্ন দলিলের মধ্যে অগ্রগণ্যতার ক্রম হইবে নিম্নরূপ:

(ক) স্বাক্ষরিত চুক্তিপত্র;

(খ) আহ্বানপত্র;

(গ চুক্তির শর্তাবলি;

(ঘ) বিনির্দেশসমূহ;

(ঙ) নকশা ও ডিজাইন;

(চ) কার্যের মূল্যযুক্ত পরিমাণগত হিসাব সংবলিত তফসিল;

(ছ) চুক্তির যেকোনো অংশে উল্লিখিত অন্যান্য দলিল।

৩। এতদ্দারা ঠিকাদার ক্রয়কারীর নিকট অঙ্গীকার করিতেছে যে, ক্রয়কারী কর্তৃক ঠিকাদারকে নিম্নের বর্ণনা অনুযায়ী পরিশোধতব্য অর্থের বিনিময়ে, চুক্তির বিধান মোতাবেক সর্বতোভাবে কার্য ও ভৌতসেবা সম্পাদন ও সম্পন্ন করিবে এবং যেকোনো ত্রুটিজনিত দায় সংশোধন করিবে।

৪। ক্রয়কারী এতদ্দারা অঙ্গীকার করিতেছে যে, ঠিকাদার কর্তৃক চুক্তি মোতাবেক কার্য ও ভৌতসেবা সম্পাদন এবং প্রয়োজনীয় সংশোধন কার্য সম্পন্ন করিলে চুক্তিতে নির্ধারিত সময় ও পদ্ধতিতে ঠিকাদারকে চুক্তিমূল্য বা চুক্তি মোতাবেক প্রদেয় অন্যান্য মূল্য পরিশোধ করিবে।

সাক্ষীগণের সম্মুখে পক্ষগণ উল্লিখিত দিন, মাস ও বৎসরে বাংলাদেশের আইন অনুসারে এই চুক্তি স্বাক্ষর করিল।

| | ক্রয়কারীর জন্য | ঠিকাদারের জন্য |
|---|---|---|
| স্বাক্ষর: | | |
| নাম: | | |
| পদবি: | | |
| জাতীয় পরিচয়পত্র নং: | | |
| উপস্থিত ব্যক্তির নাম: | | |

## সেবা সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী টেশিস এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত টেশিস ক্রয় নীতিমালা ২০১৭ প্রযোজ্য হবে।

৩. চুক্তি সম্পাদনের ১৫ (পনের) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সকল কার্যক্রম যথাযথ ভাবে সমাপ্ত করতে হবে। এ ক্ষেত্রে আংশিক কার্য গ্রহণযোগ্য হবে না।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় টেশিস বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. টেশিস কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ক্রটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।

৭. যদি সরবরাহকৃত কার্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, টেশিস সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে। এ ক্ষেত্রে অগ্রিম মূল্য পরিশোধ করা হবে না।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা **[অংকে] [কথায় ]**।

১২. টেশিস ক্রয় নীতিমালা ২০১৭ এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৩. সরবরাহকারী সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় টেশিসকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে টেশিসকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৪. সংশ্লিষ্ট সেবা সরবরাহর কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৫. সংশ্লিষ্ট কাজ সম্পাদনের পর থেকে ১(এক) বছর পর্যন্ত ওয়ারেন্টি (Warranty) দিতে হবে। ওয়ারেন্টি (Warranty) কালিন সময়ের জন্য ১০% জামানত জমা থাকবে।

১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত সেবার পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. টেশিস প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. টেশিস সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি/কার্যাদেশ বা চুক্তির/কার্যাদেশের কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের রিরোধ আপোষে মিমাংসার জন্য টেশিস এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।


২১. টেশিস ক্রয় নীতিমালা ২০১৭ মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকান্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

| | |
|---|---|
| টেশিসের জন্য<br><br><br><br>নাম এবং পদবীসহ ক্রয়কারীর স্বাক্ষর | সরবরাহকারীর জন্য<br><br><br><br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |
| তারিখ | তারিখ |

## ...END:-

| | |
|---|---|
| ...erty Line | |
| ...ding | |
| ...mipucca | |
| ...ucca Road | |
| ...lectric Post | EP |
| Tube Well | T_W |
| Tree | |

Note:
1 Katha = 720.00 Sqft
1 Decimal = 435.60 Sqft
All Measurements are in Feet





| AREA TYPE | Sqft. | Decimal | Katha | Bigha |
|---|---|---|---|---|
| Land | 255620.42 | 586.823 | 355.028 | 17.751 |

P R S DIGITAL SURVEY & BUILDING CONSULTANTS
Muktobangla Shopping Complex Room No-347 (2nd Floor)
Mirpur-1, Dhaka-1216
Mobile: 01728479494 , 01767492120.

Any Kinds of Land Survey, Layout, Plotting, Plot, GPS Survey, Compering Mouza Map, Building Design, Drawing Supervision, Estimation, RAJUK Plan Pass & Soil Test.

| Project Address | Client | Surveyor & CAD Drawing | | Checked & Approved By |
|---|---|---|---|---|
| Tongi , Gazipur Auchpara | Telephone Shilpa Sangstha Ltd. | Md. Atik Hasan, Dip. in Survey | | Engr. Parves Rana Sany, Managing Director |
| | | Analysis & Programmer | Date of Survey | Date of Submission |
| | | Engr. Rasell Khan, Civil Engineer | 25.01.20 | 05.02.20 |


9.97
2 std Building
Gp
2 std Building
Pump
2 std Building
150 mm dia pipe
100 mm dia pipe
Pit
2 std Building